
# বাংলাদেশ নির্বাচন কমিশন
# উপজেলা নির্বাচন কর্মকর্তার কার্যালয়
# কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা

| ক্র: | সেবার নাম ও সেবা প্রদানের পদ্ধতি | আবেদনের সহিত নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবে | সেবামূল্য/চার্জ এবং পরিশোধ পদ্ধতি |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| **১.** | নতুন ভোটার নিবন্ধন ও জাতীয় পরিচয়পত্র অন্তর্ভুক্তি<br><br>(//services.nidw.gov.bd/nid-pub/register-account) এই লিংক এ নির্ধারিত” ফরম-২” পুরণ করতঃ সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসার বরাবর আবেদনপত্র দাখিল করতে হবে। | **নতুন ভোটার অন্তর্ভুক্তি(প্রয়োজনীয় কাগজপত্র)**<br>**প্রতিদিন সকাল ০৯ টা হতে দুপুর ১২ টা পর্যন্ত নতুন ভোটার অন্তর্ভুক্তি ফরম জমা দিতে হবে। দুপুর ১২ টার পরে ফরম জমা নেয়া হয়না।**<br>১.অনলাইন জন্ম নিবন্ধন সনদ<br>২.ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সিটি কর্পোরেশন কাউন্সিলর কর্তৃক নাগরিকত্ব সনদ/জাতীয়তা সনদ/চেয়ারম্যান সনদ এর মূল কপি<br>৩.এস এস সি সনদ সহ সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতার সনদ<br>৪.পাসপোর্ট ফটোকপি (প্রবাসী হলে এরাইভাল ডেটসহ)।পাসপোর্টের মূলকপি সাথে রাখতে হবে। দ্বৈত নাগরিক হলে স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক দ্বৈত নাগরিকত্ব সনদ।<br>৫.পিতা মাতার NID ফটোকপি (মৃত হলে মৃত্যু সনদ)<br>৬.বিবাহিত হলে কাবিননামা এবং স্বামী/স্ত্রীর NID ফটোকপি (স্বামী/স্ত্রী মৃত হলে মৃত্যু সনদ)।<br>৭.বিদ্যুৎ বিলের মূল কপি এবং ইউনিয়ন পরিষদ/সিটি কর্পোরেশন হোল্ডিং ট্যাক্স রশিদ।<br>৮.শনাক্তকারীর জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (শনাক্তকারী হিসেবে নিবন্ধন ফরম-২ এর ৩৪ ও ৩৫ নং ক্রমিকে নাম, NID নম্বর সহ স্বাক্ষর করতে হবে)।<br>৯.নিবন্ধন ফরম-২ এর ৪০ ,৪১, ৪২নং ক্রমিকে যাচাইকারী হিসেবে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান/সিটি কর্পোরেশন কাউন্সিলর এর নাম, NIDনম্বর ও সীল সহ স্বাক্ষর।<br>১০.নতুন ভোটার অন্তর্ভূক্তি এবং জাতীয় পরিচয়পত্র নিবন্ধনের অঙ্গীকারনামা (অত্র কার্যালয়ের নোটিশ বোর্ড ও অফিসিয়াল ওয়েবসাইটে নমুনা দেয়া আছে)<br>**(অত্র কার্যালয়ের নোটিশ বোর্ড ও ওয়েবসাইট http://ec.sadarsouth.comilla.gov.bd এ সকল ফরম ও কাগজপত্রের নমুনা দেয়া আছে)** | **কোন প্রকার চার্জ/ফি নেই**<br>বিনামূল্যে এই সেবা প্রদান করা হয়।<br><br>**প্রতিদিন সকাল ০৯ টা হতে দুপুর ১২ টা পর্যন্ত নতুন ভোটার অন্তর্ভুক্তি ফরম জমা দিতে হবে। দুপুর ১২ টার পরে ফরম জমা নেয়া হয়না।** |
| **২.** | ছবিসহ ভোটার তালিকায় ঠিকানা স্থানান্তর।<br>➢নির্ধারিত “ফরম-১৩” এর মাধ্যম সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসার (যে এলাকায় আসতে ইচ্ছুক) বরাবর আবেদনপত্র দাখিল করতে হবে। আবেদনকারীকে স্বশরীরে সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়ে স্বশরীরে উপস্থিত হয়ে আবেদনপত্র দাখিল করতে হবে। | **ভোটার এলাকা স্থানান্তর (প্রয়োজনীয় কাগজপত্র)**<br>১.ভোটার স্থানান্তরের আবেদন-ফরম ১৩ (আবেদনকারীকে অবশ্যই স্বশরীরে উপস্থিত হয়ে জমা দিতে হবে।)<br>২.আবেদনকারীর NID ফটোকপি এবং স্থানান্তরের সংশ্লিষ্ট ঠিকানায় একজনের NID ফটোকপি।<br>৩.ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সিটি কর্পোরেশন কাউন্সিলর কর্তৃক নাগরিক সনদ/জাতীয়তা সনদ/চেয়ারম্যান সনদ।<br>৪.বিদ্যুৎ বিলের মূল কপি এবং ইউনিয়ন পরিষদ/ সিটি কর্পোরেশন হোল্ডিং ট্যাক্স রশিদ।<br>৫.বিবাহিত হলে কাবিননামা এবং স্বামী/স্ত্রীর NID ফটোকপি (স্বামী/স্ত্রী মৃত হলে মৃত্যু সনদ)।<br>৬.স্থায়ী বাসিন্দা মর্মে স্বারক নম্বর সহ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সিটি কর্পোরেশন কাউন্সিলর কতৃক প্রত্যয়ন পত্র।।<br>৭.আবেদন ফরমে শনাক্তকারী হিসেবে সংশ্লিষ্ট  ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ সিটি কর্পোরেশন কাউন্সিলর এর নাম, NID নম্বর ও সীল সহ স্বাক্ষর নিতে হবে।<br>৮.ভোটার স্থানান্তরের অঙ্গীকারনামা। (অত্র কার্যালয়ের নোটিশ বোর্ড ও অফিসিয়াল ওয়েবসাইটে নমুনা দেয়া আছে)<br>**(অত্র কার্যালয়ের নোটিশ বোর্ড ও ওয়েবসাইট http://ec.sadarsouth.comilla.gov.bd এ সকল ফরম ও কাগজপত্রের নমুনা দেয়া আছে)** | **কোন প্রকার চার্জ/ফি নেই**<br>বিনামূল্যে এই সেবা প্রদান করা হয়। |

| ক্র: | সেবার নাম ও সেবা প্রদানের পদ্ধতি | আবেদনের সহিত নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবে | সেবামূল্য এবং পরিশোধ পদ্ধতি |
|---|---|---|---|
| ৩. | জাতীয় পরিচয় পত্রে নিজ নাম/ পিতা/ মাতা/স্ত্রীর নামের বানান সংশোধন (বাংলা ও ইংরেজি)।<br><br>নির্ধারিত ফরমের মাধ্যমে সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসার বরাবর আবেদনপত্র দাখিল করতে হবে। | (১) অনলাইন জন্ম নিবন্ধন সনদ;<br>(২) পি.এস.সি/জে.এস.সি/এস.এস.সি বা সমমান পরীক্ষার সনদ(প্রযোজ্য ক্ষেত্রে);<br>(৩) পাসপোর্ট/ ড্রাইভিং লাইসেন্স/ নিকাহ্ নামা/ এমপিওসিট/সার্ভিস বহি (প্রযোজ্য ক্ষেত্রে);<br>(৪) চাকুরীজীবিদের ক্ষেত্রে অফিস প্রধানের প্রত্যয়ন। | **(১) ১ম বারঃ** ফি-২০০/-, ভ্যাট-৩০/-<br>**(২) ২য় বারঃ** ফি-৩০০/-, ভ্যাট-৪৫/-<br>**(৩) পরবর্তীতেঃ** ফি-৫০০/-, ভ্যাট-৭৫/-<br><br>**<u>পরিশোধ পদ্ধতি :</u>**<br> |
| ৪. | জাতীয় পরিচয়পত্রে নিজ নাম/ পিতার/ মাতার/ স্ত্রীর নাম পরিবতন (বাংলা ও ইংরেজি)।<br>নির্ধারিত ফরমের মাধ্যমে সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসার বরাবর আবেদনপত্র দাখিল করতে হবে। | (১) অনলাইন জন্ম নিবন্ধন সনদ ;<br>(২) পি.এস.সি/জে.এস.সি/এস.এস.সি বা সমমান পরীক্ষার সনদ(প্রযোজ্য ক্ষেত্রে);<br>(৩) জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট কর্তৃক এফিডেফিট;<br>(৪) পাসপোর্ট/ড্রাইভিং লাইসেন্স/নিকাহ্ নামা/এমপিওসিট/সার্ভিস বহি (প্রযোজ্য ক্ষেত্রে);<br>(৫) পিতা/মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি;<br>(৬) পিতার সকল সন্তানদের জন্মের ক্রম অনুযায়ী নাম ও জাতীয় পরিচয়পত্রের নম্বর উল্লেখ পূর্বক ওয়ারিশন সনদ/প্রত্যয়নপত্র;<br>(৭) জাতীয় পরিচয়পত্রে নিজ নাম/পিতা/মাতা/স্ত্রীর নাম পরিবতনের কারণ সর্ম্পকে আবেদনকারীর লিখিত বক্তব্য।<br>(৮) চাকুরীজীবিদের ক্ষেত্রে অফিস প্রধানের প্রত্যয়ন।<br>(৯) উপজেলা নির্বাচন অফিসার কর্তৃক চাহিত অন্যান্য দলিলপত্র | |
| ৫. | জাতীয় পরিচয় পত্রে জন্ম তারিখ সংশোধন ।<br><br>নির্ধারিত ফরমের মাধ্যমে সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসার বরাবর আবেদনপত্র দাখিল করতে হবে। | (১) অনলাইন জন্ম নিবন্ধন সনদ ;<br>(২) পি.এস.সি/জে.এস.সি/এস.এস.সি বা সমমান পরীক্ষার সনদ(প্রযোজ্য ক্ষেত্রে);<br>(৩) জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট কর্তৃক এফিডেফিট;<br>(৪) পাসপোর্ট/ ড্রাইভিং লাইসেন্স/ নিকাহ্ নামা/ এমপিওসিট/ সার্ভিস বহি (প্রযোজ্য ক্ষেত্রে);<br>(৫) পিতা/মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি;<br>(৬) পিতার সকল সন্তানদের জন্মের ক্রম অনুযায়ী নাম ও জাতীয় পরিচয়পত্রের নম্বর উল্লেখ পূর্বক ওয়ারিশন সনদ/প্রত্যয়নপত্র;<br>(৭) জাতীয় পরিচয়পত্রে জন্ম তারিখ সংশোধনের কারণ সর্ম্পকে আবেদনকারীর লিখিত বক্তব্য।<br>(৮) নিজ ছেলেমেয়ের আইডি কাডের ফটোকপি/ শিক্ষাগত সনদের ফটোকপি (প্রযোজ্যক্ষেত্রে)<br>(৯) চাকুরীজীবিদের ক্ষেত্রে অফিস প্রধানের প্রত্যয়ন।<br>(১০) উপজেলা নির্বাচন অফিসার কর্তৃক চাহিত অন্যান্য দলিলপত্র | |
| ৬. | জাতীয় পরিচয় পত্রে স্বামী/স্ত্রীর নাম সংযুক্ত করা/ বাদ দেওয়া<br><br>নির্ধারিত ফরমের মাধ্যমে সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসার বরাবর আবেদনপত্র দাখিল করতে হবে। | (১) নিকাহনামা/তালাকনামা/মৃত্যু সনদ (প্রযোজ্য ক্ষেত্রে);<br>(২) স্বামী/স্ত্রীর জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে); | |

| | | | |
|---|---|---|---|
| ৭. | জাতীয় পরিচয়পত্রে রক্তের গ্রুপ সংযোজন/ সংশোধন।<br>নির্ধারিত ফরমের মাধ্যমে সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসার বরাবর আবেদনপত্র দাখিল করতে হবে। | (১) প্যাথলজিক্যাল রিপোর্ট/চিকিৎসকের সনদপত্র; |  |
| ৮. | জাতীয় পরিচয়পত্রে গ্রাম/রাস্তা/ ডাকঘর সংশোধন।<br>নির্ধারিত ফরমের মাধ্যমে সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসার বরাবর আবেদনপত্র দাখিল করতে হবে। | (১) জন্ম নিবন্ধন সনদ;<br>(২) চেয়ারম্যান/মেয়র কর্তৃক নাগরিকত্ব সনদ; | |
| ৯. | জাতীয় পরিচয়পত্রে ছবি/স্বাক্ষর পরিবর্তন।<br>নির্ধারিত ফরমের মাধ্যমে সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসার বরাবর আবেদনপত্র দাখিল করতে হবে। | (১) স্বাক্ষর পরিবর্তনের স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্রসহ স্বশরীরে উপস্থিতি ; | |
| ১০. | ডাটাবেইজে সংরক্ষিত তথ্য উপাত্ত সংশোধন (জাতীয় পরিচয়পত্রে প্রদত্ত তথ্যাদি ব্যতিত ফরম -২ এ প্রদত্ত অন্য সকল তথ্যাদি যেমন: ড্রাইভিং লাইসেন্স /পাসর্পোট নম্বর)।<br>নির্ধারিত ফরমের মাধ্যমে সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসার বরাবর আবেদনপত্র দাখিল করতে হবে। | (১) পরিবর্তনের স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র ; | |
| ১১. | হারানো বা অন্য কোন কারণে নষ্ট/ বিনষ্ট জাতীয় পরিচয় পত্র পুনঃরায় প্রাপ্তি।<br>নির্ধারিত ফরমের মাধ্যমে সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসার বরাবর আবেদনপত্র দাখিল করতে হবে। | (১) জাতীয় পরিচয়পত্র হারানো/ বিনষ্ট হওয়া সর্ম্পকে থানায় জিডির মূল কপি;<br>(২) জন্ম নিবন্ধন সনদের ফটোকপি;<br>(৩) মূল জাতীয় পরিচয়পত্র (নষ্ট হওয়ার ক্ষেত্রে); | |
| ১২. | জাতীয় পরিচয়পত্রের তথ্য উপাত্ত সরবরাহ (ইন্ট্রানেট হতে মুদ্রিত কপি)।<br>সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসার বরাবর নিবন্ধন স্লিপ/ভোটার /জাতীয় পরিচয়পত্র নম্বর উল্লেখ করত: লিখিত আবেদন করতে হবে। | --- | ফি-২০০/-, ভ্যাট-৩০/- |
| ১৩. | ছবিসহ ভোটার তালিকা প্রদর্শণ।<br>সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসার বরাবর ভোটার নম্বর ও ঠিকানা উল্লেখ করত: লিখিতভাবে আবেদন করতে হবে। | --- | আবেদনের সহিত ১০/-(দশ) টাকার কোর্ট ফি সংযুক্ত করতে হবে। এবং ফি-১০০/-, ভ্যাট-১৫/-। |
| ১৪. | ভোটারের আঙ্গুলের ছাপ গ্রহণ।<br>সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসার বরাবর নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। | --- | **কোন প্রকার চার্জ/ফি নেই**<br>বিনামূল্যে এই সেবা প্রদান করা হয়। |